

## ■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ অশুদ্ধ হাদীসের বিষয়ভিত্তিক মূলনীতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২৮. অপ্রয়োজনীয়, অবান্তর বা ফালতু বিষয়ের আলোচনা

যে সকল কথা সাধারণ জ্ঞানী মানুষেরা আলোচনা করতে ইচ্ছুক নয়, সকল জ্ঞানীর সরদার সাইয়িদুল বাশার সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সে বিষয়ে কথা বলতে পারেন না। এ জাতীয় কথাবার্তার মধ্যে রয়েছে:

- 1. চাউল যদি মানুষ হতো তাহলে ধৈর্যশীল হতো, কোনো ক্ষুধার্ত তা খেলেই পেট ভরে যেত।
- 2. আখরোট ঔষধ ও পনির রোগ। দুটি একত্রে পেটে গেলে রোগমুক্তি।
- 3. তোমরা লবণ খাবে। লবণ ৭০ প্রকার রোগের ঔষধ।
- 4. তারকাপুঞ্জ আরশের নিচে একটি সাপের ঘাম...।
- 5. আল্লাহ ক্রোধান্বিত হলে ফার্সী ভাষায় ওহী নাযিল করেন।
- 6. সন্দর চেহারার দিকে তাকালে দৃষ্টিশক্তি বৃদ্ধি পায়। সন্দর চেহারাকে আল্লাহ জাহান্নামে শাস্তি দিবেন না।
- 7. চোখের নীল রং শুভ।
- 8. আল্লাহ মাথার টাকের মাধ্যমে কিছু মানুষকে পবিত্র করেছেন, যাদের মধ্যে প্রথম আলী (রা)।
- 9. নাকের মধ্যে পশম গজানো কুষ্ঠরোগ থেকে নিরাপত্তা দেয়।
- 10. কান ঝিঁঝিঁ করা বা কান ডাকা বিষয়ক হাদীসগুলো বানোয়াট।

এ প্রকারের বানোয়াট কথার মধ্যে রয়েছে বিভিন্ন গাছ, সবজি, ঔষধি ইত্যাদির উপকার বর্ণনায় প্রচারিত হাদীস। অনুরূপভাবে মোরগ, সাদা মোরগ ইত্যাদির ফ্যীলতে বানোয়াট হাদীসও এ পর্যায়ভুক্ত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4747

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন